**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.৭৩০০.০৪২.৯৯.০৩৯.১৯.**৫২০**

তারিখ: ১৭ চৈত্র ১৪২৮
৩১ মার্চ ২০২২

**বিষয় : নীলফামারী জেলা পরিষদ কর্তৃক ইজারাকৃত ৬৭.৩৯ শতক ভূমি স্থায়ীভাবে হস্তান্তরের প্রস্তাব সংক্রান্ত।**

সূত্র : মাননীয় সংসদ সদস্য জনাব, আসাদুজ্জামান নূর, ১৩, নীলফামারী-২, এর পত্র, তারিখ: ০৬ জানুয়ারি ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রে নীলফামারী জেলা পরিষদের মালিকানাধীন ৬৭.৩৯ শতক ভূমি 'ছমির উদ্দিন স্কুল এ্যান্ড কলেজ' এর অনুকূলে স্থায়ীভাবে হস্তান্তরের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। পত্রে উল্লেখ করা হয়েছে যে, ২০১৬ সাল হতে জেলা পরিষদ, নীলফামারী কর্তৃক উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নবর্ণিত ভূমি ইজারা প্রদান করা হয়:

**তফসিল:**

| জেলা | মৌজার নাম | সিএস খতিয়ান | এস এ খতিয়ান | দাগ নং | জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|
| নীলফামারী | নীলফামারী টাউন মৌজা | ৫৫৬ | ০৭ | ৮২৫ | ৬৭.৩৯ |

২। এমতাবস্থায়, তফসিলভুক্ত উল্লিখিত ভূমি ইজারা প্রদানের পূর্বে স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণ করা হয়েছিল কিনা, এ বিষয়ে পূর্ণাঙ্গ তথ্য প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩১/৩/২০২২


মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd


প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নীলফামারী।

অনুলিপি:

১. মাননীয় সংসদ সদস্য জনাব, আসাদুজ্জামান নূর, ১৩, নীলফামারী-২ (ফ্ল্যাট-৮/এ, ৪ নওরতন কলোনী, নিউ বেইলী রোড, ঢাকা-১২১৭)।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।

আসাদুজ্জামান নূর
সংসদ সদস্য
১৩, নীলফামারী-২
বাংলাদেশ জাতীয় সংসদ

তারিখঃ জানুয়ারী ০৬, ২০২২

**বিষয়ঃ জেলা পরিষদ, নীলফামারী হতে গৃহীত লীজ এর ৬৭.৩৯ শতক ভূমি (নীলফামারী টাউন মৌজার সি.এস খতিয়ান নং- ৫৫৬ এস.এ খতিয়ান ন-২০৭; দাগ নং-৮২৫) স্থায়ীভাবে ছমির উদ্দিন স্কুল এ্যান্ড কলেজ, নীলফামারী সদর এর নামে হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে।**

প্রিয় সচিব মহোদয়,
শুভেচ্ছা জানবেন।

আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, নীলফামারী জেলা সদরের প্রাণকেন্দ্রে ১৯৪২ খ্রিষ্টাব্দে তৎকালিন কেন্দ্রীয় ঈদগাহ্ ময়দান কর্তৃপক্ষের উদ্যোগে ঈদগাহ ময়দানের জমিতে এবং বিশিষ্ট ব্যবসায়ী জনাব আহমদ দাদা ভাই এর পৃষ্ঠপোষকতায় এ.ডি. জুনিয়র মাদ্রাসা হিসেবে একটি মাদ্রাসা প্রতিষ্ঠা লাভ করে। তৎকালিন রংপুর ডিস্ট্রিক্ট বোর্ডের ০৪/০৫/১৯৪৬ খ্রি. তারিখের রেজুলেশন নং-২১ মোতাবেক বাৎসরিক লীজ ফি ১/-(এক) টাকায় তৎকালিন এ.ডি. জুনিয়র মাদ্রাসা কর্তৃপক্ষকে ১০৯.২৭ শতক ভূমি লীজ প্রদান করেন (কপি যুক্ত)। পরবর্তীতে ১৯৬২ খ্রিষ্টাব্দে তৎকালিন মহকুমা প্রশাসক মহোদয় এর উদ্যোগে এবং বিশিষ্ট ব্যবসায়ী ও বিদ্যোৎসাহী ব্যক্তিত্ব জনাব ছমির উদ্দিন চৌধুরীর পৃষ্ঠপোষকতায় প্রথমে নিম্ন মাধ্যমিক ও ১৯৬৪ সালে মাধ্যমিক বিদ্যালয় হিসাবে প্রতিষ্ঠা ও স্বীকৃতি লাভ করে। ১৯৮৫ সালে বিদ্যালয়টি এমপিওভুক্ত হয় এবং সর্বশেষ ২০২০ সালে উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রথম একাডেমিক স্বীকৃতি লাভ করে। বর্তমানে অত্র প্রতিষ্ঠানে প্রায় দুই সহস্রাধিক শিক্ষার্থী অধ্যয়নরত। ২০১৬ সালে জেলা পরিষদ নীলফামারী কর্তৃক উক্ত লীজকৃত জমির পরিমাণ ৬৭.৩৯ শতক ভূমি ও বাৎসরিক লীজ ফি ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা নির্ধারণ করে। সে মোতাবেক ৩০/০৬/২০২১ খ্রি. পর্যন্ত লীজ ফি,ভ্যাট ও আয়কর পরিশোধ করা হয়েছে (কপি যুক্ত)। উচ্চ মাধ্যমিক পর্যায়ে এমপিওভুক্তির জন্য এমপিও নীতিমালা-২০২১ অনুসারে প্রতিষ্ঠানের নামীয় জমির খারিজ ও খাজনার রশিদ আবশ্যক। এমতাবস্থায়, শিক্ষার্থী ও শিক্ষক-কর্মচারীবৃন্দের এমপিও প্রাপ্তির বিষয়টি বিবেচনা করে উল্লেখিত জমি (নীলফামারী টাউন মৌজার সি.এস খতিয়ান নং- ৫৫৬ এস.এ খতিয়াননং০৭; দাগ নং-৮২৫) স্থায়ীভাবে অত্র প্রতিষ্ঠানের নামে হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের মহাশয়ের নিকট আকুল আবেদন জানাচ্ছি।

অতএব, প্রতিষ্ঠানের বৃহত্তর স্বার্থে বিষয়টি সদয় বিবেচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

ডায়েরি নং ২৫৪৭ তারিখ ২২/০১/২২
উপসচিব/সিনিয়র সহকারী সচিব
(প্রশাসন-১/প্রশাসন-২/সমন্বয়ও কাউন্সিল/জেপ)
যুগ্মসচিব(প্রশাসন)

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ (পাস)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট অধিশাখা
৮) আইন অধিশাখা
ডাইরি নম্বরঃ
তারিখঃ ২০/১/২২
স্বাক্ষর

শুভেচ্ছান্তে
(স্বাক্ষর)
আসাদুজ্জামান নূর, এমপি
৬.১.২২

সচিব
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ডাইরী নং- ৬২
তারিখ: ০৭/০৬/২০২২
উপসচিব
জেলা পরিষদ অধিশাখা

অতি:/যুগ্ম সচিব-প্রশাসন/উপজেলা/অডিট
নম্বর........ তারিখ........
অতিরিক্ত সচিব (প্রশাসন)

ফ্ল্যাট- ৮/এ, ৪ নওরতন কলোনী, নিউ বেইলী রোড, ঢাকা-১২১৭
ফোনঃ +৮৮ ০২ ৮৩৩২৯৫৮ (অফিস), ফ্যাক্সঃ +৮৮ ০২ ৮৩৩৪০৩১ (অফিস), +৮৮ ০২ ৯৩৩৩১৮০ (বাসা), ই-মেইলঃ noornpmbd@gmail.com

=৭৪=

# ছমির উদ্দিন স্কুল এন্ড কলেজ, নীলফামারী।


ডাকঘরঃ নীলফামারী, উপজেলা ও জেলাঃ নীলফামারী।

স্থাপিত ঃ ১৯৬২ খ্রিঃ

কলেজ কোড ঃ ৭১০২, বিদ্যালয় কোড ঃ ৬৫২৬, EIIN – 125060

e-mail : samiruddin63@gmail.com


স্মারক নং- ছঃ উঃ সঃ কঃ (নীল) / ৪৬৭.২০২১(৬৫)     তারিখ ঃ ২৯/১২/২০২১ খ্রি.

মাননীয় সচিব

স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

**বিষয় : জেলা পরিষদ,নীলফামারী হতে গৃহীত লীজ এর ৬৭.৩৯ শতক ভূমি (নীলফামারী টাউন মৌজার সি.এস খতিয়ান নং- ৫৫৬ এস.এ খতিয়ান নং- ০৭; দাগ নং-৮২৫) স্থায়ীভাবে অত্র প্রতিষ্ঠানের নামে হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে;**

জনাব,

যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক নিবেদন এই যে, নীলফামারী জেলা সদরের প্রাণকেন্দ্রে ১৯৪২ খ্রিষ্টাব্দে তৎকালিন কেন্দ্রীয় ঈদগাহ ময়দান কর্তৃপক্ষের উদ্যোগে ঈদগাহ ময়দানের জমিতে এবং বিশিষ্ট ব্যবসায়ী জনাব আহমদ দাদা ভাই এর পৃষ্ঠপোষকতায় এ.ডি. জুনিয়র মাদ্রাসা হিসেবে একটি মাদ্রাসা প্রতিষ্ঠা লাভ করে। তৎকালিন রংপুর ডিস্ট্রিক্ট বোর্ডের ০৪/০৫/১৯৪৬ খ্রি. তারিখের রেজুলেশন নং-21 মোতাবেক বাৎসরিক লীজ ফি ১/-(এক) টাকায় তৎকালিন এ.ডি. জুনিয়র মাদ্রাসা কর্তৃপক্ষকে ১০৯.২৭ শতক ভূমি লীজ প্রদান করেন (কপি যুক্ত)। পরবর্তীতে ১৯৬২ খ্রিষ্টাব্দে তৎকালিন মহকুমা প্রশাসক মহোদয় এর উদ্যোগে এবং বিশিষ্ট ব্যবসায়ী ও বিদ্যোৎসাহী ব্যক্তিত্ব জনাব ছমির উদ্দিন চৌধুরীর পৃষ্ঠপোষকতায় প্রথমে নিম্ন মাধ্যমিক ও ১৯৬৪ সালে মাধ্যমিক বিদ্যালয় হিসাবে প্রতিষ্ঠা ও স্বীকৃতি লাভ করে। কালের পরিক্রমায় বিদ্যালয়টি যথেষ্ট সুনামের সাথে পাঠদান কার্যক্রম পরিচালনা ও এলাকাবাসীর (বিশেষ করে সমাজের নিম্ন আয়ের জনগণ এর ) সন্তানদের শিক্ষালাভের জন্য অন্যতম ভরসাস্থলে পরিণত হয়। ১৯৮৫ সালে বিদ্যালয়টি এমপিওভুক্ত হয় এবং ২০১২ সালে উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি লাভ করে প্রতিষ্ঠানটি **ছমির উদ্দিন স্কুল এন্ড কলেজ** হিসাবে প্রতিষ্ঠা লাভ করে। সর্বশেষ **২০২০ সালে** উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রথম **একাডেমিক স্বীকৃতি** লাভ করে। বর্তমানে অত্র প্রতিষ্ঠানে প্রায় দুই সহস্রাধিক শিক্ষার্থী অধ্যয়নরত:। ২০১৬ সালে জেলা পরিষদ নীলফামারী কর্তৃক উক্ত লীজকৃত জমির পরিমাণ ৬৭.৩৯ শতক ভূমি ও বাৎসরিক লীজ ফি ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা নির্ধারণ করে অত্র প্রতিষ্ঠানকে পত্র প্রদান করে (কপি যুক্ত)। পত্র মোতাবেক বর্তমানে জেলা পরিষদ, নীলফামারী এর ৬৭.৩৯ শতক ভূমির বাৎসরিক নির্ধারিত লীজ ফি ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকায় লীজ গ্রহণ করা হয় এবং ৩০/০৬/২০২১ খ্রি. পর্যন্ত লীজ ফি,ভ্যাট ও আয়কর পরিশোধ আছে (কপি যুক্ত)। কিন্তু উচ্চ মাধ্যমিক পর্যায়ে এমপিওভুক্তির জন্য এমপিও নীতিমালা-২০২১ অনুসারে প্রতিষ্ঠানের নামীয় জমির খারিজ ও খাজনার রশিদ আবশ্যক। এমতাবস্থায়, প্রায় দুই হাজার শিক্ষার্থীর শিক্ষাজীবন এবং কর্মরত শিক্ষক-কর্মচারীবৃন্দের এমপিও প্রাপ্তির বিষয়টি বিবেচনা করে উল্লেখিত জমি (**নীলফামারী টাউন মৌজার সি.এস খতিয়ান নং- ৫৫৬ এস.এ খতিয়াননং০৭; দাগ নং-৮২৫**) স্থায়ীভাবে অত্র প্রতিষ্ঠানের নামে হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের মহাশয়ের নিকট আকুল আবেদন জানাচ্ছি।

অতএব, অত্র প্রতিষ্ঠানের স্বার্থ বিবেচনায় উপর্যুক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে মহাশয়ের মর্জি হয়।

নিবেদক

২৯/১২/২০২১

(মোঃ মেসবাহুল হক)

অধ্যক্ষ

ছমির উদ্দিন স্কুল এন্ড কলেজ

নীলফামারী সদর।

মোঃ মেসবাহুল হক
অধ্যক্ষ
ছমির উদ্দিন স্কুল এন্ড কলেজ
নীলফামারী সদর।
মোবাঃ ০১৭১৬-৩৬২১০৫